

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

পিএসডি সার্কুলার লেটার নং- ০৯/২০২১

তারিখঃ ----- ৩০ আষাঢ় ১৪২৮
১৪ জুলাই ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল তফসিলি ব্যাংক
প্রধান কার্যালয়

প্রিয় মহোদয়,

কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন ব্যাংকিং ও পরিশোধ সেবা কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন (ডিওএস) এর ১৩/০৭/২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং- ২৯ মোতাবেক ব্যাংকিং সেবা চালু রাখা এবং এ বিভাগের ৩০/০৬/২০২১ তারিখের পিএসডি সার্কুলার নং- ০৯/২০২১ এর অনুবৃত্তিক্রমে দৈনন্দিন বিশেষ ব্যাংকিং সেবা প্রদানের নিমিত্তে আগামী ১৫ জুলাই ২০২১ তারিখ হতে আন্তঃব্যাংক পরিশোধ প্ল্যাটফর্মগুলোর কার্যক্রম পরিচালনার সময়সীমা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:-

ক। ১৫, ১৮ ও ১৯ জুলাই ২০২১ -

(১) Bangladesh Automated Clearing House (BACH) এর মাধ্যমে লেনদেন:

ক) BACPS এর High Value Clearing- Presentment Cut off Time- 12.00 PM

Return Cut off Time- 3.00 PM

Regular Value Clearing- Presentment Cut off Time- 12.30 PM

Return Cut off Time- 5.00 PM

খ) উপর্যুক্ত দিনসমূহে BEFTN এর দু'টি সেশন বিদ্যমান সময়সূচি অনুযায়ী চালু থাকবে।

(২) Real Time Gross Settlement (RTGS) এর মাধ্যমে লেনদেনের সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৪.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। তবে, শুধুমাত্র কাস্টমস শুল্ক সংক্রান্ত করাতি, ফি, চার্জ প্রভৃতি ও আন্তঃব্যাংক লেনদেন ৫.০০ ঘটিকা পর্যন্ত সম্পাদন করা যাবে।

খ। ১৭ ও ২০ জুলাই ২০২১ -

(১) Bangladesh Automated Clearing House (BACH) এর মাধ্যমে লেনদেন:

ক) BACPS এর High Value Clearing- Presentment Cut off Time- 11.30 PM

Return Cut off Time- 01.00 PM

Regular Value Clearing- Presentment Cut off Time- 12.00 PM

Return Cut off Time- 2.30 PM

খ) উপর্যুক্ত দিনসমূহে BEFTN এর দু'টি সেশন বিদ্যমান সময়সূচি অনুযায়ী চালু থাকবে।

পরবর্তী পাতা দৃষ্টব্য-

পূর্ববর্তী পাতা হতে-

(২) Real Time Gross Settlement (RTGS) এর মাধ্যমে লেনদেনের সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। তবে, শুধুমাত্র কাস্টমস শুল্ক সংক্রান্ত করাডি, ফি, চার্জ প্রভৃতি ও আন্তঃব্যাংক লেনদেন ৩.০০ ঘটিকা পর্যন্ত সম্পাদন করা যাবে।

উল্লেখ্য, ঈদ-উল-আযহার পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে শুধুমাত্র ডিওএস সাকুলার লেটার ২৯ এ উল্লিখিত এলাকার ব্যাংক শাখাসমূহের চেক, ইএফটি এবং আরটিজিএস পরিশোধ চলবে। এক্ষেত্রে ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার স্বার্থে উপর্যুক্ত ডিওএস সাকুলার লেটার ২৯-এ উল্লিখিত এলাকার বাইরের ব্যাংক শাখার উপর উপস্থাপনকৃত চেকসমূহ রিটার্ন করতে হবে।

গ। ২৫ জুলাই ২০২১ হতে পরবর্তী নির্দেশনা প্রদানের পূর্ব পর্যন্ত -

(১) Bangladesh Automated Clearing House (BACH) এর মাধ্যমে লেনদেন:

ক) BACPS এর High Value Clearing- Presentment Cut off Time- 11.30 PM

Return Cut off Time- 01.00 PM

Regular Value Clearing- Presentment Cut off Time- 12.00 PM

Return Cut off Time- 2.30 PM

খ) উপর্যুক্ত দিনসমূহে BEFTN এর দু'টি সেশন বিদ্যমান সময়সূচি অনুযায়ী চালু থাকবে।

(২) Real Time Gross Settlement (RTGS) এর মাধ্যমে লেনদেনের সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ১.৩০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। তবে, শুধুমাত্র কাস্টমস শুল্ক সংক্রান্ত করাডি, ফি, চার্জ প্রভৃতি ও আন্তঃব্যাংক লেনদেন ২.৩০ ঘটিকা পর্যন্ত সম্পাদন করা যাবে।

একইসাথে ২৫/০৭/২০২১ তারিখ হতে পরবর্তী নির্দেশনার পূর্ব পর্যন্ত ৩০/০৬/২০২১ তারিখে জারিকৃত পিএসডি সাকুলার নং-০৯/২০২১-এর অপরাপর নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে। ঈদ-উল-আযহার ছুটিকালীন সময়ে ব্যাংকসমূহকে পরিশোধ সেবা সংশ্লিষ্ট সিস্টেমসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করাসহ ঝুঁকি মোকাবেলা করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মুহম্মদ বদিউজ্জামান দিদার)

উপমহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৬১১